দৈনিক ইত্তেফাক

১3

তারিখ ··· 10 JUN 1996 ···
পৃষ্ঠা ··· ২ ··· কলাম ···

## কারিগরি শিক্ষা বোর্ড সমীপে

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৬ ইং সনের প্রকৌশল ডিপ্লোমা ৫ম পর্ব সমাপনী পরীক্ষার যে রুটিন প্রকাশ করা হইয়াছে উহা পরিবর্তন করা আবশ্যক। কারণ পরীক্ষার প্রথম ভাগে একদিন করিয়া বিরতি দেওয়া হইলেও শেষ ভাগে কোন বিরতি দেওয়া হয় নাই। পবিত্র রমজানসহ দুই ঈদের দীর্ঘ ছুটি এবং রাজনৈতিক কারণে ছাত্র-ছাত্রীগণ পর্যাপ্ত ক্লাস হইতে বঞ্চিত হইয়াছে। তাহা ছাড়াও কলেজ বন্ধ থাকাকালীন হল কর্তৃপক্ষের নির্দেশে ছাত্র-ছাত্রীরা হলে অবস্থান করিতে না পারায় লেখাপড়ায় যথেষ্ট ব্যাঘাত ঘটিয়াছে। উক্ত প্রকাশিত রুটিন অনুযায়ী পরীক্ষা দেওয়া ছাত্র-ছাত্রীদের পক্ষে অত্যন্ত কষ্টসাধ্য হইয়া দাঁড়াইবে। অনেকেই প্রত্যাশিত ফল লাভে সমর্থ হইবে। এমতাবস্থায় প্রত্যেক পরীক্ষার মাঝে অন্তত ২ দিন বিরতি আবশ্যক। বিষয়টি সদয় বিবেচনাপূর্বক নূতন রুটিন প্রণয়ন করার জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

—মোঃ রহমত উল্যা, ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮।